মোংলায় বিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচী পালন

“বেশী করে গাছ লাগাই, পরিবেশের অক্সিজেন বাড়াই” এ শ্লোগানকে সামনে রেখে ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ মোংলা বালিকা উচ্চ বিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচী পালন করা হয়েছে।

শনিবার সকাল ১১ টায় বিদ্যালয় প্রাঙ্গনে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন স্কুলের প্রধান শিক্ষক নরেশ চন্দ্র হালদার। এসময় আরো উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক সুজয় কুমার বাইন, সহকারী শিক্ষক শেখ আম্বিয়া,ঝরণা রানী রায়, জয়ন্তী মন্ডল,বনানী পোদ্দার, পুলিন কুমার মন্ডল, নাসিমা গুলশান, স্মৃতিকণা বসু, সুলতান মাহবুব আলম শহীদ, মিঠুন বিশ্বাস, জুনিয়র শিক্ষক খাদিজা খাতুন, তন্ময় বিশ্বাস, অনিমেষ বিশ্বাস, সন্জিত মন্ডল, সুলতানা আক্তার বীথি, সহকারী গ্রন্থাগারিক মিনতি রায়, কেশব গুপ্ত, নীরোদ বাওয়ালী, ঝর্না অধিকারী ও সোহেল রানাসহ স্কুলের চার শতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে বিদ্যালয়ের চারপাশে বিভিন্ন প্রজাতির শতাধিক ফলজ ও ঔষধী বৃক্ষ রোপণ করা হয়।